

শাখার নাম : ডাক প্লেগ টিকা উৎপাদন শাখা

উৎপাদিত টিকার নাম : ডাক প্লেগ টিকা

টিকা ব্যবহারের উদ্দেশ্য : ডাক প্লেগ রোগ থেকে হাঁসের রোগ সংক্রমণ ও মৃত্যুর হার কমানোর মাধ্যমে পালনকারীদের আয় বৃদ্ধি করা এবং নিরাপদ আমিষের চাহিদা পূরণ করা।

মাত্রাঃ ১মিলি করে হাঁসের বুকের/রানের মাংসে ইনজেকশন হিসাবে প্রয়োগ করতে হয়।

বয়সঃ ০৩ সপ্তাহ বয়সের হাঁসের বাচ্চাকে প্রথম টিকা দিতে হয়। প্রথম টিকা প্রয়োগের ২১তম দিনে বুস্টার ডোজ

প্রয়োগ করতে হয়। পরে ০৬ মাস পর পর সুস্থ হাঁসকে এই টিকা দিতে হয়।

ডাক প্লেগ রোগ একটি ভাইরাস জনিত মারাত্মক ছোয়চে রোগ। মৃত্যুর হার ৯০-১০০%। এই রোগের কোন চিকিৎসা নাই। একমাত্র ডাক প্লেগ টিকা প্রয়োগের মাধ্যমেই হাঁসকে এই রোগ সংক্রমণ থেকে রক্ষা করা যায় ও মৃত্যুর হার

কমানো যায়।

সরবরাহঃ এ্যাটিনুয়েটেড ড্রাইড ভ্যাকসিন- প্রতি ভায়ালে ১০০মাত্রা টিকা থাকে। প্রতি ভায়াল ১০০ সিসি পাতিত পানি

দ্বারা গুলাতে হয়।

সংরক্ষণঃ -৫ডিগ্রী সেঃ তাপমাত্রায় রেফ্রিজারেটরে ০৬ মাস ও থার্মোফ্লাক্সে বরফ সহ ০৭ দিন সংরক্ষণ করা যায়।

মূল্যঃ প্রতি ভায়াল ৩০/=(ত্রিশ) টাকা।

১। শাখার সংক্ষিপ্ত পরিচিতি ও উল্লেখযোগ্য কার্যক্রম :

শাখার সংক্ষিপ্ত পরিচিতি :

একজন মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পি.এস.ও.), একজন উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.এস.ও.), দুইজন বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও.), দুইজন ল্যাবরেটরী টেকনেশিয়ান এবং একজন ল্যাবরেটরী এটেনডেন্ট এর সমন্বয়ে ডাকপ্লেগ টিকা উৎপাদন শাখা গঠিত। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পি.এস.ও.) অত্র শাখার শাখা প্রধান।

শাখার উল্লেখযোগ্য কার্যক্রম :

সরকারি খামার হতে উর্বর ডিম সংগ্রহ



জীবানুনাশক দ্বারা ডিম জীবানুমুক্তকরণ



১০-১১ দিনের জন্য ৩৭° সেন্টিগ্রেড তাপমাত্রায় ইনকিউবেশন করা



ইনকিউবেশনের ১০ / ১১ তম দিনে ক্যান্ডেলিং এর মাধ্যমে ভ্রূণ পরীক্ষা করা, ইনকুলাম তৈরি এবং অ্যালান্টোয়িক রুট বরাবর প্রতিটি ডিমে ০. ১ সি.সি করে ইনকুলেশন করা হয়



ইনকুলেশন করার ৭২ ঘন্টা পর ভ্রূণ, মেমব্রেন ও এলান্টোয়িক ফ্লুইড সংরক্ষণ করা



সংগৃহীত ফ্লুইড গ্রাইন্ডিং ও ফিলট্রেশন করার পর টিকা তৈরির জন্য সংরক্ষণ করা



পরবর্তীতে ১ সিসি করে ৩সিসি গ্লাস ভায়ালে ফিলিং করে ফ্রিজ ড্রাইড মেশিনে ড্রাই করা হয়



ড্রাই করার পর শুষ্ক টিকা গুণগত মান পরীক্ষার শেষে লেবেলিং করে বিভিন্ন জেলা পর্যায়ে সরবরাহ করার জন্য ফ্রিজে সংরক্ষণ ও বিতরণ করা হয়।



1. Egg collection from Govt. Poultry farm



2. Egg Washing



3. Egg Incubation



4. Egg Candling



5. Inoculum Preparation



6. INOCULATION



7. HARVESTION



8. Grinding of fluid



9. Filling



10. Drying in freeze Dryer Machine



11. Vaccine Labeling by auto labeling machine